দৈনিক সংবাদ

তারিখ ..2 ...E B 1994 ... ..
পৃষ্ঠা ৫ কলাম ৩

133

এইচএসসি পরীক্ষা '৯৩

# গাইবান্ধার ৭টি কেন্দ্রে দেড় হাজার পরীক্ষার্থীর বিভিন্ন মেয়াদের শাস্তি

গাইবান্ধা, ২৭শে ফেব্রুয়ারি (জেলা বার্তা পরিবেশক)।– গত বছর অনুষ্ঠিত এইচ,এস,সি পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও কর্মকর্তাদের প্রতি অসদাচরণের অভিযোগে গাইবান্ধার ৭টি কেন্দ্রে প্রায় দেড় হাজার পরীক্ষার্থীকে বিভিন্ন মেয়াদের শাস্তি দিয়েছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী সূত্রে এই তথ্য জানা গেছে।

সূত্রটির মতে, পরীক্ষা কেন্দ্রে নিয়োজিত কর্মকর্তাদের অভিযোগ অনুযায়ী বোর্ডের আইন-শৃংখলা কমিটি দোষী সাব্যস্ত পরীক্ষার্থীদের মধ্যে ১ হাজার ১শ' ১৯ জনকে এক বছর, ৩শ' ৩ জনকে দু' বছর, ১০ জনকে ৩ বছর এবং ২০ জনকে ৪ বছর করে শাস্তি দেয়া হয়েছে। এই শাস্তি হিসেবে মোট ১ হাজার ৪শ' ৫২ জন পরীক্ষার্থীকে আগামী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থেকে বঞ্চিত করা হয়।

সূত্রটি আরও উল্লেখ করেন, এক বছরের জন্য যাদের পরীক্ষা বাতিল ঘোষিত হয়েছে তাদের মধ্যে গাইবান্ধায় ৭৪ জন, বোনারপাড়ায় ১শ' ৩৪ জন, পলাশবাড়িতে ১শ' ৭২ জন, গোবিন্দগঞ্জে ১শ' ১৯ জন, সাদুল্যাপুরে ৩শ' ৩৭ জন, নলডাঙ্গায় ১শ' ৪১ জন ও সুন্দরগঞ্জ কেন্দ্রে ১শ' ৪২ জন রয়েছে। দু' বছরের জন্য যাদের পরীক্ষা বাতিল হয়েছে, তাদের মধ্যে সাদুল্যাপুরে ৬৮ জন, পলাশবাড়িতে ৫৫ জন, নলডাঙ্গায় ৬১ জন, গোবিন্দগঞ্জে ৪৫ জন, সুন্দরগঞ্জে ৩৪ জন, বোনারপাড়ায় ১০ জন ও গাইবান্ধা সদরে ৩০ জন রয়েছে। তিন বছরের জন্য যাদের পরীক্ষা বাতিল হয়েছে, তাদের মধ্যে সাদুল্যাপুরে ৪, পলাশ বাড়িতে ৩ এবং গাইবান্ধা, গোবিন্দগঞ্জ ও সুন্দরগঞ্জে ১ জন করে রয়েছে। আর ৪ বছর করে যাদের পরীক্ষা বাতিল ঘোষিত হয়েছে, তাদের মধ্যে গাইবান্ধায় ৪, নলডাঙ্গায় ৮, সাদুল্যাপুরে ৩, পলাশ-বাড়ীতে ২ এবং গোবিন্দগঞ্জ, সুন্দরগঞ্জ ও বোনারপাড়া কেন্দ্রে ১ জন করে পরীক্ষার্থী রয়েছে।